উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় ঃ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ নূর-ই-আলম সিদ্দিকী
প্রশাসক, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ ঃ ২৭/০২/২০২৫ খ্রিঃ
সভার সময় ঃ সকাল- ১১.১৫ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'খ'-তে দেখানো হলো।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী-কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী গত মাসের সভার কার্যবিবরনী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, চলতি রবি মৌসুমে আবাদযোগ্য ১৬২০০ হেক্টর জমিতে ভুট্টা- ৫১৫, সরিষা- ১৮৫, গম- ৭০, বাদাম- ১৩০, পেঁয়াজ- ১৯৫, শাক সবজি- ৮৬০, তামাক- ৭২৯০ হেক্টর, বোরো বীজতলা-৪৭০ হেক্টর ও অন্যান্য শস্য রোপন/বপন কাজ চলমান রয়েছে। এছাড়াও রবি/২০২৪-২৫ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় গম ১৮০, ভুট্টা ১০০০ জন, সরিষা ৮৫০ জন, চিনাবাদাম ৮০ জন, শীতকালীন পেঁয়াজ ৪০ জন ও অড়হড় আবাদে ২০ জন সর্বমোট ২১৭০ জন এবং হাইব্রিড বোরো ধান আবাদের জন্য ৪৪৮০ জন সহ সবজি ২০০ জন কৃষককে ইতোমধ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করা হয়েছে। বর্তমানে রাসায়নিক সার ও ডিজেলের মজুদ সন্তোষজনক। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট- সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদিতমারী, লালমনিরহাট- ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল (যার জনবল ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালের)। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী ও অন্তঃ বিভাগ সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা খোলা থাকে। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের বহিঃবিভাগ প্রত্যেক শনিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত সকাল ৮.০০ ঘটিকা হইতে বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকে এবং কমিউনিটি ক্লিনিক, টিকাদান কর্মসূচি সহ অন্যান্য মাঠকার্য সকাল- ৯.০০ ঘটিকা হতে বিকাল- ৩.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকে। তিনি আরও জানান যে, জানুয়ারি/২০২৫ ইং মাসে অত্র উপজেলায় মোট ২৮ জন চিকিৎসকের মধ্যে ০৮ জন চিকিৎসক কর্মরত আছেন। সিনিয়র স্টাফ নার্স ঃ ২৬ জনের বিপরীতে ২৫ জন, মিডওয়াইফঃ ৫ জনের বিপরীতে ৫ জন, মেডিকেল টেকনোলজিষ্ট ঃ ৭ জনের বিপরীতে ৫ জন, এসএসিএমও ঃ ১০ জনের বিপরীতে ৪ জন এবং অন্যান্য জনবলঃ ৫৮ জনের বিপরীতে ৪২ জন বর্তমানে কর্মরত আছেন। বহিঃবিভাগে রোগীর সংখ্যা মোটঃ ৫৫৯৮ জন। জরুরী বিভাগে মোট সেবাঃ ৯৮২ জন। আন্তঃ বিভাগে ভর্তি রোগীর সংখ্যা মোট- ৫০১ জন। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ নরমাল ডেলিভারীর সংখ্যা- ৯৪ জন, সিজারিয়ান সেকশন- ৩ টি, কমিউনিটি ক্লিনিক সেবা- ১৪৫৮৮ জন, ইপিআই কার্যক্রম- চলমান, কমিউনিটি ভিষণ কার্যক্রম- চলমান, যক্ষা নিয়ন্ত্রন কর্মসূচিঃ চলমান। প্রতিদিন সকাল- ৮.০০ ঘটিকা হতে বেলা ২.৩০ মিনিট পর্যন্ত সার্ভিক্যাল এন্ড ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং পরীক্ষা করা হয়। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের ওটি কমপ্লেক্স-এ মেজর অপারেশন চলমান রয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আদিতমারী, |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী সভায় জানুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের দাপ্তরিক কার্যক্রম নিম্নরূপভাবে উপস্থাপন করেন। কৃত্রিম প্রজনন সম্প্রসারণ- ৪৬০ টি, শংকর জাতের বাছুর উৎপাদন- ১৮৫, টিকা প্রদান সম্প্রসারণ ঃ গবাদি পশুর- ১৫৪০ মাত্রা, হাঁস-মুরগীর- ৪৭৮০০ মাত্রা, চিকিৎসা প্রদান- গবাদি পশুর চিকিৎসা প্রদান- ২২৬৮ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান- ১০১২৮টি, পোষাপ্রাণি চিকিৎসা- ৩, ডিজিজ সার্ভিল্যান্স (সংখ্যা)- ০১, রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)- ১০, ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম-০১টি। খামারী প্রশিক্ষণ প্রদান- ১৬০, উঠান বৈঠক- ৫, ঘাষ চাষ- ২.১৭ একর, খামারী/ফিড মিল/হ্যাচারি পরিদর্শন সংখ্যা- ১১টি। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপির ১ম এবং ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ এবং ৩য় ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ হিসাব করে প্রতিটি ইউনিয়ন ও দপ্তর হতে এডিপির প্রকল্পের তালিকা পাওয়া গিয়াছে। উক্ত পরিশিষ্ট-ক মোতাবেক প্রকল্পের তালিকা সভায় বিস্তারিত আলোচনা করেন এবং অনুমোদনের জন্য সভায় সকল সদস্যর মতামত কামনা করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি প্রকল্পের পরিশিষ্ট-ক তালিকার প্রাপ্ত প্রকল্পসমূহ সভায় অনুমোদনের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং উক্ত তালিকা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, আদিতমারী, লালমনিরহাট। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার আদিতমারী সভায় জানান যে, ২০২৫ শিক্ষা বর্ষের জন্য ১ম হতে ৫ম শ্রেণির সকল বই ইতোমধ্যে হাতে পাওয়া গিয়াছে। ১লা জানুয়ারি ২০২৫ হতে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়গুলোতে বই বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, মাধ্যমিক পর্যায়ের ২০২৫ সালের বিনামূল্যের পাঠ্যপ্রস্তক মাধ্যমিক পর্যায়ে ২,৭৩,৮০০ এর মধ্যে ২,৩১,১৫০টি (৮৪%), দাখিল পর্যায়ে ৬২,০৫০ এর মধ্যে ৩৬,৯০০ টি (৫৯%) পাওয়া গেছে। এবতেদায়ী এবং ভোকেশনাল এর বই এখন পর্যন্ত এসে পৌছায়নি। প্রাপ্ত বই ইতোমধ্যে চাহিদা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে পৌছে দেয়া হয়েছে। যে সকল বই এখনো আসেনি তা শীঘ্রই চলে আসবে এবং আসামাত্র শিক্ষা প্রতিষ্ঠানে পৌছে দেয়া হবে। প্রতিষ্ঠানসমূহে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আদিতমারী সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরে আদিতমারী উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির বিবরণ নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। ইজিপিপি কর্মসূচি (১ম পর্যায়) ঃ বরাদ্দ পরিমান ঃ ২,২৭,৫২,০০০/- (১৪১৩ জন), প্রকল্প সংখ্যা- ৬৪, ব্যয়িত অর্থ- ২,২৬,৯২,০০০/- কাজের অগ্রগতি- ৯৯.৮৫%। ইজিপিপি কর্মসূচি (২য় পর্যায়) ঃ বরাদ্দ পরিমান ঃ ১,৮৭,৫৭,২০০/- (১৪১৩ জন), প্রকল্প সংখ্যা- ৬৪, ব্যয়িত অর্থ- ১,৮৫,২২,০০০/- কাজের অগ্রগতি- ৯৯.৬০%। বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ ঃ বরাদ্দের পরিমান- ২,৮২,২০,৯২৭/- প্রকল্প সংখ্যা- ০১টি, ব্যয়িত অর্থ- ১,৫১,৬৪,২৯০/-, কাজের অগ্রগতি ৯৫%। সেতু/গার্ডার ব্রীজ প্রকল্পের বরাদ্দ- ৩,৮১,৭০,৮০৯/- টাকা প্রকল্প সংখ্যা- ১০, ব্যয়িত অর্থ- ২৮,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি- ৬০%। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন প্রকল্পের বরাদ্দ- ৫,৯২,৩৬,০৪৪/- টাকা প্রকল্প সংখ্যা- ৩৯ টি ব্যয়ের পরিমান- ২,৩৯,৬১,৭৫৫/- কাজের অগ্রগতি- ৮৯%। এইচবিবি কর্মসূচি বরাদ্দ- ৩,৩৫,৪৪,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ০৪টি, কাজের অগ্রগতি- ১০০%। সভায় তিনি জানান যে, উল্লেখিত প্রকল্পের চুড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অফিস ঢাকায় প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, নতুন প্রতিবন্ধী ভাতার জন্য আবেদনকারী ব্যক্তিগণকে যাচাই-বাছাই করা হবে। নির্ধারিত তারিখে আবেদনকারী ব্যক্তিগণকে স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে এবং বিভিন্ন কারনে বাউন্স ব্যাক | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আসা ভাতা-ভোগীদের যাচাই বাছাই কাজ চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩য় কিস্তির পেরোল প্রেরণের প্রস্তুতি চলছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৯ | মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম গতিশীল রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। **(১) স্থায়ী পদ্ধতি** ঃ ক) পুরুষ- নেই, খ) মহিলা- ০৪ জন। **(২) দীর্ঘমেয়াদী পদ্ধতি** ঃ ক) আইইউডি- ৩০ জন, খ) ইমপ্লান্ট- ১৪৩ জন **(৩) অস্থায়ী পদ্ধতি** ঃ ক) খাবার বড়ি সুখী বিতরণ- ১৯৮০ সাইকেল, খ) খাবার বড়ি আপন বিতরণ- ৩০২ সাইকেল, গ) কনডম- ৭৮২৯ পিস, ঘ) ইনজেকটেবলস- ২৮২৭ ভায়েল। **(৪) মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম** ঃ- ক) গর্ভবতী মা এর সংখ্যা- ১৬০৯ জন, খ) গর্ভবতী মা এর পরিচর্যা- ১১২৬ জন, গ) প্রসবোত্তর সেবা- ৯৮১ জন, ঘ) জীবিত জন্ম- ২৫৮ জন, ঙ) ০-৫ বছরের শিশু সেবা- ৩৪৫৯ জন, চ) সাধারণ রোগীর সেবা- ১৯২৭ জন। **(৫) পরিবার পরিকল্পনা কার্যক্রম ঃ মোট সক্ষম দম্পতি** ঃ ৫০৬৪৮ জন, **(৬) মোট পদ্ধতি গ্রহণকারী** ঃ ৪১৪১৭ জন, **(৭) পদ্ধতি গ্রহণকারীর হার (CAR)** ঃ ৮১.৭৭%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পঃপঃ অফিসার আদিতমারী |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, টেকার (২য় পর্যায়) প্রকল্পের আওতায় ২০ জন যুবক এবং ২০ জন যুব নারীসহ মোট ৪০ জনের "কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং প্রশিক্ষণ চলছে (৪৪ কার্যদিবস)। ইমপ্যাকট প্রকল্পের প্রশিক্ষণ চলতি অর্থ বছরে ১টি ব্যাচ হয়েছে এবং অবশিষ্ট ব্যাচ এ মাসে শুরু হবে। পারিবারিক যুব ঋণ কর্মসূচিতে ২৫ জন যুবক ও যুবনারীকে যুবঋণ বিতরণ করা হয়। আত্মকর্মসংস্থানের নিমিত্ত কর্মহীন যুবদের প্রশিক্ষণ ও যুবঋণ কার্যক্রম অব্যাহত আছে। তারুণ্য উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (০১) **ভিডব্লিউবি কার্যক্রম** ঃ ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি ৩১ ডিসেম্বর ২০২৪ সফল ভাবে শেষ হয়েছে এবং ২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি কার্যক্রম শুরু হওয়া মাত্র বহুল প্রচারের মাধ্যমে জনসচেতনতার ব্যবস্থা করা হবে। **(০২) মা ও শিশু সহায়তা কার্যক্রম** ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রতি ইউনিয়ন এর অনুকূলে মাসে ০৯ জন করে মা ও শিশুর বরাদ্দ চলমান। এ চক্রে ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ অর্থ বছরে ২,৫৩০ জনের ভাতা বর্তমানে চলমান রয়েছে। (০৩) **প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি)** ঃ ২০২৫-২০২৬ অর্থ বৎসরের ভিডব্লিউবি কার্যক্রম প্রক্রিয়াধীন। (০৪) **মহিলাদের আত্ব-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিলঃ** এই তহবিলের আওতায় সদর কার্যালয় হতে ১৩,০০,৯৫২/৫৮ টাকা পর্যায়ক্রমে পাওয়া গেছে উক্ত টাকা বর্তমানে রিকোভারী হিসাবে ২৫,৪৬,০০০/৩৯ টাকায় দাড়িয়েছে। বর্তমানে অনাদায়ী চলতি মাঠে- ৬,৪৮,৩৯০/- টাকা মেয়াদ উত্তীর্ণ (খেলাপী) ৪,৯৪,২৯৬/৩৯ টাকা অনাদায়ী। (০৫) **কিশোর-কিশোরী ক্লাব** ঃ ২০১৯-২০২০ অর্থ বছর হতে অত্র উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের নিকটবর্তী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি শ্রেণীকক্ষে প্রতি শুক্র ও শনিবার ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জনকে সংগীত ও আবৃত্তি শিক্ষা প্রদান করা হচ্ছে এবং ক্লাস শেষে ছাত্র/ছাত্রীদের মাঝে আয়কর এবং ভ্যাটসহ ৩০ টাকার নাস্তা, ৩০ জনের মাঝে প্রদান করা হয়। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান। (০৬) **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংস্থা** ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের সমিতি/সংস্থার কার্যক্রম চলমান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল ও করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কর্মকর্তা আদিতমারী লালমনিরহাট সভায় জানান যে, বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে PEDP-4 এর আওতায় Wash Block নির্মাণ কাজ ও TSP এর কাজ চলমান আছে। সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ এর আওতায় বরাদ্দকৃত নলকূপ গুলোর সাইড সিলেকশন প্রক্রিয়াধীন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সহকারী জনস্বাস্থ্য কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, আদিতমারী। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, **(১) বিভাগীয় ঃ** ক) অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৩টি, খ) অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ১১৬ টি, গ) অডিট নোট দাখিল- ৭ টি, বর্তমানে এ পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১২৩ টি। **(২) অডিট সেস ঃ** ক) ধার্যকৃত অডিট সেস- ১১,৯৮০/- টাকা, খ) আদায়কৃত অডিট সেস- ৮,৭৬০/-, গ) অনাদায়ী অডিট সেস- ৩,২২০/- টাকা, ঘ) ১৫% ভ্যাট আদায়- ১,৩১৪/- টাকা, ঙ) আদায় হার- ৬৩%। **(৩) সিডিএফ ঃ** ক) ধার্যকৃত সিডিএফ- ৩,৫৭৬/- টাকা, খ) আদায়কৃত সিডিএফ- ২,৬২৩/- টাকা, গ) অনাদায়ী সিডিএফ- ৯৫৩/- টাকা, ঘ) আদায় হার- ৭১%। **(৪) লভ্যাংশ বিতরণ যোগ্য ঃ (৫) আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ ঃ** ক) মোট আশ্রয়ন= ২টি, আশ্রয়ন (ফেইজ-২)= ০২টি। মোট আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ = ৪টি এবং সমিতি মোট= ৫টি, খ) ব্যারাক সংখ্যা- ২২টি, গ) কক্ষ ও পুনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০টি, ঘ) মোট সদস্য সংখ্যা- ৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), ঙ) কমিউনিটি সেন্টার- ০৩ টি, চ) পুকুর/দিঘী- ০৩ টি। **ঋণ সংক্রান্ত ঃ** ক) আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, খ) প্রকল্পে ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)- ৪০,৪৩,৫০০/- টাকা, গ) ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)- ২৯,৭৪,০৪৬/- টাকা (আসল- ২৭,৫৩,৭৪৬/- টাকা, সাঃ চাঃ ২,২০,৩০০/-টাকা)। ঘ) খেলাপী ঋণ- ১৫,৫৬,৩৫৪/- টাকা, ঙ) আদায়ের হার- ৮৬%, চ) আবাসে সার্ভিস চার্জ প্রেরণ- ৭৩,৪৫৪/- টাকা। সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প সিভিডিপি হতে প্রেরণসহ এ যাবৎ বিভিন্ন ট্রেডে মোট ৩৪০ জন প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ করেছেন এর মধ্যে ২০০ জনের স্বকর্মস্থানের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের গৃহিত কার্যক্রমের বিষয়ে দাপ্তরিক কাজের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। **(১) ফসলী ঋণ ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। **(২) মেয়াদী ঋণ ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। **(৩) আবর্তক ঋণ ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- ০.১২, ক্রমঃ ১১.৯৭। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে- ৬.৮৮, ক্রমঃ ২৩৯.১৯। ঋণ আদায় ঃ মাসে- ০.৪০, বছরে- ৩.১১, ক্রমঃ ১৯৬.৫৩। **(৪) সদাবিক ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- ০.২৬, ক্রমঃ ৮.৭৬,। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে- ২.৮৫ ক্রমঃ ১৮২.৯৫। ঋণ আদায় ঃ মাসে- ০.৫৫, বছরে-১.২৫, ক্রমঃ ১৪১.৭৭। **(৫) পল্লী প্রগতিঃ-** পুজি গঠন ঃ- মাসে নেই, বছরে-নেই, ক্রমঃ ১.৭৪,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ৩৭.৭৯। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- ০.৪৬, ক্রমঃ ২০.০৫। **(৬) অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে- ০.৮০, ক্রমঃ ১৫.৪৪। ঋণ আদায় ঃ মাসে-নেই, বছরে- ০.২৪, ক্রমঃ ৭.৭৬। **(৭) উদকনিকঃ-** পুজি গঠন ঃ- মাসে- নেই, বছরে- নেই, ক্রমঃ ৪.১০। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে- ৫.৪০, ক্রমঃ ১২৯.৪০। ঋণ আদায় ঃ মাসে- ০.১০, বছরে- ১.০৫, ক্রমঃ ৯৩.৬৯। **(৮) অপ্রধান শস্য ঃ-** পুজি গঠন ঃ- মাসে- ০.২০, বছরে- ০.৭০, ক্রমঃ ১৩.৭১। ঋণ বিতরণ ঃ মাসে- ৪.৫০, বছরে- ২১.০৪, ক্রমঃ ১০২.৫৭। ঋণ আদায় ঃ মাসে- ২.১৭, বছরে- ৮.৩৫, ক্রমঃ ৬৫.১৮। **(৯) গুচ্ছ গ্রাম ঃ-** পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ০.৪৯,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে-নেই, ক্রমঃ ৪.১০। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- নেই, ক্রমঃ ২.৬১। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ আর্থিক সনে ১৫.০০ কিঃমিঃ বনায়ন করা হবে। (রাস্তা লালমনিরহাট-পাটগ্রাম মহা সড়ক সাপ্টিবাড়ী হতে পলাশী নামুড়ী, কাকিনা বাজার মহাসড়ক পর্যন্ত)। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা বন অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা বন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী |
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, TCB খাতে ৮১.৫৮০ মেঃটন চাল মাস ভিত্তিক ২২ জন খাদ্য বান্ধব ও OMS ডিলারের মাধ্যমে বিতরণ হচ্ছে। খাদ্য ডিলার ২৮ জন নতুন খাদ্য বান্ধব ডিলার নিয়োগের আবেদন গ্রহন করা হয়েছে (খাদ্য বান্ধব ডিলার ২৬ ও OMS ডিলার ০৩ জন) পরবর্তীতে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিদের্শনা মোতাবেক ডিলার নিয়োগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। <u>সংগ্রহ সম্পর্কিত তথ্য ঃ</u> আমন প্রতিকেজি ধানের সংগ্রহ মূল্য- ৩৩/- টাকা যাহা কৃষক Apps এর মাধ্যমে সংগ্রহ করা হবে। প্রতিকেজি চালের সংগ্রহ মূল্য- ৪৭/- টাকা। বৈধ লাইসেন্সধারী মিলারের নিকট থেকে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সংগ্রহ করতে হবে- ধানের প্রাপ্ত বরাদ্দ- ৮৯৩.০০০মেঃটন, চালের প্রাপ্ত বরাদ্দ- ১৪১১.০০০ মেঃটন, সংগ্রহ সময়সীমা আগামী ২৮/০২/২০২৫ খ্রিঃ পর্যন্ত। এ পর্যন্ত ধান সংগ্রহ হয়নি। চাল সংগ্রহ হয়েছে-৬৭৬.৭১০ মেঃটন, সংগ্রহ কার্যক্রম চলমান আছে। এখন পর্যন্ত সংগ্রহ হয়েছে ৪৮%। <u>গুদামে মজুদ সম্পর্কিত তথ্য ঃ</u> চাল- ৯৩০.৭০২ মেঃটন, ধান-নেই, খালি বস্তা- ৩৪৯৩৮ খানা। এছাড়া নিয়মিত ভাবে বিভিন্ন খাতে ডিও ইস্যু করণ কার্যক্রম অব্যাহত আছে। (টি,আর/জি,আর/TCB/খাদ্যবান্ধব/VWB/ই,পি খাত) এ যাবৎ ১৭৬ জন ব্যবসায়ীকে খুচরা ফুড গ্রেইন লাইসেন্স প্রদান করা হয়েছে। ব্যবসায়ীগণ যাতে অবৈধ মজুদ রাখতে না পারে সে জন্য নিয়মিত হাট বাজার/দোকান/গুদাম এর মনিটরিং কার্যক্রম চলমান আছে। অবৈধ মজুদ রোধকল্পে স্থানীয় জনপ্রতিনিধিগণের সহযোগিতা প্রয়োজন। এছাড়াও খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কর্মকর্তা আদিতমারী |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য সাব-রেজিষ্টার কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সাব-রেজিষ্টার আদিতমারী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক আদিতমারী, লালমনিরহাট। |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বর্তমানে দূর্গাপুর ইউনিয়নে গ্রাম ভিত্তিক আনসার ভিডিপি মৌলিক প্রশিক্ষণ চলমান আছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা আনসার ভিডিপি অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আদিতমারী |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাচন অফিসকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার আদিতমারী |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার নতুন হওয়ায় সকলের সাথে শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং পল্লী বিদ্যুৎ অফিসের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার জন্য ডিপুটি জেনারেল ম্যানেজার, আদিতমারী-কে অনুরোধ করা হয়। | ডিপুটি জেনারেল ম্যানেজার,পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন,আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, আদিতমারী উপজেলার ০৪টি নমুনা এলাকায় গত ০৬ ফেব্রুয়ারি ২০২৫ হতে শুরু হয়ে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ পর্যন্ত "সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস) ২০২৫ " সফলভাবে পরিচারিত হয়েছে। এছাড়া গত ২৪ ফেব্রুয়ারি ২০২৫ থেকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে ৭ম রাউন্ড 'Multiple Indicator Cluster Survey (MICS) ২০২৪-২০২৫ কার্যক্রমের আওতায় আদিতমারী উপজেলার ০৯টি নমুনা এলাকায় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | পরিসংখ্যান বিভাগের কার্যক্রম আরও সঠিক ভাবে পরিচালনার করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, জানুয়ারি ২০২৫ মাসে ১০ জন নারী উদ্যোক্তার নাম জেলায় পাঠানো হয়েছে। উক্ত নারী উদ্যোক্তাগণকে একদিনের যাতায়ত ভাতাসহ প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্যআপা প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | সভায় উপজেলা পাট অফিসার জানান যে, ২০২৫ সালে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের কৃষকদের মাঝে পাট চাষে উদ্বুদ্ধকরণ কাজ চলমান থাকবে। পলিথিন ব্যাগের ব্যবহার রোধে জনগনের মাঝে সচেতনতা বৃদ্ধি করার কাজ চলমান থাকবে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পাট অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পাট অফিসার, আদিতমারী |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার আদিতমারী |
| ২৮ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম, আদিতমারী |
| ২৯ | বিবিধ | (ক) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবণের বাউন্ডারী ওয়াল প্লাষ্টার ও রং করণ কাজের জন্য আরএফকিউ পদ্ধতিতে- ১,০০,০০০/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। যা সভায় অনুমোদন করা প্রয়োজন।<br><br>(খ) সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অত্র উপজেলায় সহকারী কমিশনার (ভূমি), আদিতমারী নামীয় সরকারি অভিরাম কোয়াটার ৩নং ইউনিটে কিছুদিন যাবৎ কেউ বসবাস না করায় কোয়াটারটি জরাজীর্ণ হয়ে পড়েছে। ইতোমধ্যে আদিতমারীতে সহকারী কমিশনার (ভূমি) কর্মকর্তা নতুন যোগদান করায় তাঁর নামীয় কোয়াটারটি জরুরীভাবে প্লাস্টার, রং করণ, ইলেক্ট্রিক ওয়ারিং ও পানির লাইট মেরামত করা প্রয়োজন। মর্মে সভায় সকল সদস্যর মতামত কামনা করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবণ এর বাউন্ডারী ওয়াল প্লাস্টার ও রং করণ কাজের পরিশোধকৃত- ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বিল সভায় অনুমোদন করা হয়।<br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে ভাউচারমূলে ব্যয়ের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং জরুরীভাবে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০২/২৫

(নূর-ই-আলম সিদ্দিকী)
প্রশাসক
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৫- (৫০) তারিখ ঃ /০২/২০২৫ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। উপজেলা ........................................................................ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান ........................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।

(নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd

পরিশিষ্ট- 'ক'।

# এডিপি লিষ্ট

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | পলাশী | তালুক পলাশী মৌজায় নবীর মাষ্টারের বাড়ী পার্শ্বে রাস্তায় ইউড্রেন নির্মাণ | ০৪ নং | ১ লক্ষ | পি.আই.সি |
| ০২ | পলাশী | তালুক পলাশী মৌজার ০৪ নং ওয়ার্ডে বাবুলের বাড়ীর রাস্তার পার্শ্বে রাস্তায় ইউড্রেন নির্মান । | ০৪ নং | ১ লক্ষ | পি.আই.সি |
| ০৩ | সাপ্টিবাড়ী | ০৬ নং ওয়ার্ড খাতাপাড়া সাইদুল মাষ্টারের বাড়ী হইতে সদর উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন । | | ১ লক্ষ | পি.আই.সি |
| ০৪ | সাপ্টিবাড়ী | ০৬ নং ওয়ার্ড কিসামত খুটামারা মোজায় মজিদুলের পুকুরের পূর্ব দিকে রাস্তায় ইউড্রেন / কালভার্ট নির্মান। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ০৫ | কমলাবাড়ী | ৫নং ওয়ার্ডে রহিমের বাড়ীর পার্শ্বে ইউড্রেন নির্মাণ। | ০৭নং | ১ লক্ষ | পি.আই.সি |
| ০৬ | কমলাবাড়ী | ০৫ নং ওয়ার্ডে জয়নাল ক্বারীর বাড়ীর পার্শ্বে ইউড্রেন নির্মাণ। | ০২নং | ১ লক্ষ | পি.আই.সি |
| ০৭ | মহিষখোচা | ৪নং ওয়ার্ড রজবপাড়া মসজিদের পার্শ্বের পুকুরে প্যালাসাইডিং নির্মান। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ০৮ | মহিষখোচা | মহিষখোচা ইউনিয়নের ৩নং ওয়ার্ডে বারোঘড়িয়া মৌজায় সেকেন্দার আলীর বাড়ীর সেচ নালা স্থাপন | | ১ লক্ষ | পি.আই.সি |
| ০৯ | সারপুকুর | সারপুকুর ইউনিয়নের ০২-০৪নং ওয়ার্ডে মসুর দৈলজোড় নৃপেনের বাড়ীর সামনে ইউড্রেন নির্মাণ। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১০ | সারপুকুর | সারপুকুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে সরলখাঁ মৌজার মান্নান চেয়ারম্যানের বাড়ীর সামনের পুকুর পাড়ে প্যালাসাইডিং নির্মাণ। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১১ | ভেলাবাড়ী | ভেলাবাড়ী ইউনিয়নের ০২নং ওয়ার্ডে আমেনা বাজারের লেট্রিনের পিছনে প্রাচীর নির্মাণ । | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১২ | ভেলাবাড়ী | পশ্চিম ভেলাবাড়ী ০৭নং ওয়ার্ড সিদ্দিকের বাড়ীর নিকট ইউড্রেন নির্মাণ। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১৩ | ভাদাই | ভাদাই ইউপি অফিসের দক্ষিণ পাশ্বের বাউন্ডারী সংরক্ষণ করণ। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১৪ | ভাদাই | ভাদাই ইউনিয়নের ৫নং ওয়ার্ডের জয়ন্তীর বাড়ীর পাশে শ্বশাণ ঘাটের প্রাচীর মেরামত করণ। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১৫ | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের উত্তর গোবধা ৬নংওয়ার্ডের নয়বারের বাড়ীর সামনে ইউড্রেন নির্মাণ। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১৬ | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের গন্ধমরুয়া নুরানী মাদ্রাসা ভবনের ছাদ ঢালাই করন। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১৭ | এলজিইডি শাখা | উপজেলা প্রকৌশলীর দপ্তরের আগত সেবা গ্রহীতাদের জন্য বসার চেয়ার ও সুপেয় পানির জন্য ফিল্টার সরবরাহ এবং পুরাতন ফাইল পত্র সংরক্ষের জন্য আলমারী ও রেক ক্রয় করন । | | ২ লক্ষ | পি.আই.সি |
| ১৮ | | উপজেলা হিসাব রক্ষন অফিসে পেনশনাদের নথি সংরক্ষনের জন্য ষ্টোর রুম সংস্কার করন। | | ১ লক্ষ | পি.আই.সি |
| ১৯ | | উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয়ের আগত দর্শনার্থী/ অফিসের সেবাপ্রার্থীদের ব্যবহারের জন্য টয়লেট সংস্কার | | ১ লক্ষ | পি.আই.সি |

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | পলাশী | দেওডোবা মৌজায় আঃ জব্বারের পুকুরের পার্শ্বে রাস্তার ভাঙ্গান রোধে প্যালাসাইডিং ওয়াল নির্মাণ | ০৯নং | | টেন্ডার |
| ০২ | পলাশী | মদন পুর মৌজায় আবুলের মেইলের পার্শ্বে রাস্তায় কালভার্ট নির্মাণ | ০৩নং | | টেন্ডার |
| ০৩ | সাপ্টিবাড়ী | খাতাপাড়া মজির দোকান হতে চান বাদশার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ | ০৬নং | | টেন্ডার |
| ০৪ | সাপ্টিবাড়ী | গিলাবাড়ী আলফালাহ বড় মসজিদ হতে লিটনের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ | | | টেন্ডার |
| ০৫ | সাপ্টিবাড়ী | ৪নং ওয়ার্ড পশ্চিম দৈলজোর প্রদিপ মাস্টারের বাড়ী হতে কেরামত ডাক্তারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ | ০৪নং | | টেন্ডার |
| ০৬ | সাপ্টিবাড়ী | কিসামত খুটামারা হতে ঈদগাহ মাঠ হয়ে বাদলের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ। | | | টেন্ডার |
| ০৭ | সাপ্টিবাড়ী | সাপ্টিবাড়ী ইউনিয়নের ৬নং ওয়ার্ডের খাতাপাড়া মৌজার মিজানুর রহমানের দোকান হতে জয়নাল আবেদীনের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করন। | ৬নং | | টেন্ডার |
| ০৮ | কমলাবাড়ী | ০৭ নং ওয়ার্ডে সামছুলের বাড়ীর পাশ্বে বক্স কালভার্ট নির্মাণ । | ০৭নং | ৩.৫০ লক্ষ | টেন্ডার |
| ০৯ | মহিষখোচা | মহিষখোচা ইউনিয়নের ২নং ওয়ার্ডে বারোঘাড়িয়া মৌজায় আলহাজ্ব দেলোয়ারের বাড়ী হতে আব্দুর রহমানের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ | | ৩ লক্ষ | টেন্ডার |
| ১০ | সারপুকুর | সারপুকুর ইউনিয়নের ০১-০৬নং ওয়ার্ডে তালুক হরিদাস ইসলামপুর মানিকের বাড়ীর সামনের রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। | | ১.৭৫ লক্ষ | টেন্ডার |
| ১১ | সারপুকুর | সারপুকুর ইউনিয়নের ০৩নং ওয়াডে টিপার বাজার মৌজার ময়নুলের বাড়ীর সামনের রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। | | ১.৭৫ লক্ষ | টেন্ডার |
| ১২ | ভেলাবাড়ী | ভেলাবাড়ী ইউনিয়নের ০৬নং ওয়ার্ড আকবরের বাড়ী হতে করিম মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ। | | | টেন্ডার |
| ১৩ | ভেলাবাড়ী | ভেলাবাড়ী ইউনিয়নের ০৩নং ওয়ার্ড দুরাকুটি চাপারহাটগামী রাস্তা পুরাতন হাটখোলা হইতে ওজ্জুর বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ। | | | টেন্ডার |
| ১৪ | ভেলাবাড়ী | ভেলাবাড়ী ইউনিয়নের ০৮নং ওয়ার্ড চৈতার মোড় হতে নেতার বাজার পর্যন্ত রাস্তা নির্মাণ। | | | টেন্ডার |
| ১৫ | ভেলাবাড়ী | ভেলাবাড়ী ইউনিয়নের ০৯নং ওয়ার্ডের পূর্ব ভেলাবাড়ী আব্বাস মাস্টারের বাড়ী হতে ক্ষুদিরামের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ। | | | টেন্ডার |
| ১৬ | ভেলাবাড়ী | ভেলাবাড়ী ইউনিয়নের ০৯নং ওয়াড নতুন পাকা রাস্তার মোড় হতে মহির উদ্দিন মেকারের বাড়ী পর্যন্ত রাস্তা পাকা করণ। | | | টেন্ডার |
| ১৭ | ভাদাই | ভাদাই ইউনিয়নের ৬নং ওয়ার্ড শিব মন্দিরের শ্বশাণ ঘর নির্মাণ। | | ৩.৫০ লক্ষ | টেন্ডার |
| ১৮ | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের গন্ধমরুয়া মৌজার মন্তোষের বাড়ী হইতে নীরা মালীর রাস্তা পাকা করন । | | | টেন্ডার |
| ১৯ | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের ৩নংওয়ার্ডে সেকেন্দারের বাড়ীর পূর্বে রাস্তায় ইউড্রেন নির্মাণ। | | | টেন্ডার |
| ২০ | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের দীঘলটারী সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ সংলগ্ন পূর্বে রাস্তায় ইউড্রেন নির্মাণ। | | | টেন্ডার |
| ২১ | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের দীঘলটারী ডিগ্রিরচর ছড়ার মান্নানের ঘাটে ইউড্রেন নির্মাণ। | | | টেন্ডার |
| ২২ | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের দক্ষিণ গোবধা ৭নং ওয়ার্ডে কালীরহাট ঈদগাহ মাঠের প্রাচীর নির্মাণ। | | | টেন্ডার |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | ভেলাবাড়ী | তালুক দুলালী বাজার হতে বারঘরিয়া পর্যন্ত রাস্তার সলিং করন | | | টেন্ডার |
| ০২ | ভাদাই | প্রানী সম্পদ অফিসে আগত সেবাপ্রার্থীদের অবস্থানের জন্য গ্রে ঘর নির্মান । | | | টেন্ডার |
| ০৩ | সারপুকুর | কান্তেরশ্বর পাড়া রেল লাইনের ত্রিপথী হতে সাকো পর্যন্ত রাস্তা সলিং করন। | | | টেন্ডার |
| ০৪ | মহিষখোচা | মহিষখোচা বাজার হইতে FWC গামী রাস্তা সলিং ও সিসি করন | | | টেন্ডার |
| ০৫ | | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ রোগীদের জন্য পোষ্ট অপারেটিভ বেড সরবরাহ করন । | | ৩ লক্ষ | টেন্ডার |
| ০৬ | | পরিবার পরিকল্পনা কার্যালয়ের ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে চেয়ার, টেবিল ও বেঞ্চ সরবরাহ করন । | | ২ লক্ষ | টেন্ডার |
| ০৭ | | জহুরুলের বাড়ি হতে রুহুল আমিনের বাড়ি যাওয়ার পুকুরের পাশে গাইডওয়াল নির্মান ৭নং পলাশী,২নং ওয়ার্ড। | | ১.৫ লক্ষ | টেন্ডার |
| ০৮ | | আদিতমারী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্যান সরবরাহ। | | ২ লক্ষ | টেন্ডার |
| ০৯ | | আদিতমারী উপজেলায় শারীরিক প্রতিবন্ধীদের হুইল চেয়ার বিতরণ করন। | | ১.৫ লক্ষ | টেন্ডার |
| ১০ | | উপজেলা পরিষদ হ্যালিপ্যাড এর গাইড ওয়াল নির্মান। | | ২ লক্ষ | টেন্ডার |
| ১১ | | সাপ্টিবাড়ী বাজারস্থ অটোস্ট্যান্ড হতে খুনিয়াগাছগামী রাস্তা সংস্কার করন। | | ২ লক্ষ | টেন্ডার |
| ১২ | | সাপ্টিবাড়ী- মহিষখোচা জিসি সড়কের সারপুকুর গ্রামে পুলের মাথা হইতে অহেদ উদ্দিন এর বাড়ী পর্যন্ত । | | ২ লক্ষ | টেন্ডার |
| ১৩ | | সাপ্টিবাড়ী ইউনিয়নের গিলাবাড়ী ফুলেরতল মসজিদ থেকে মানিক ডাঃ এর বাড়ী পর্যন্ত ৩০০ মিটার রাস্তা পাকা করণ। | | ২ লক্ষ | টেন্ডার |
| ১৭ | দুর্গাপুর | দুর্গাপুর উচ্চ বিদ্যালয়ের জন্য উচু নীচু বেঞ্চ সরবরাহ করন। | | ১.৫ লক্ষ | RFQ |
| ১৮ | | উপজেলা ক্রীড়া সংস্থার ব্যবহার ও বিতরনের জন্য ক্রীড়া সামগ্রী ক্রয় করন। | | ২ লক্ষ | RFQ |
| ১৯ | | উপজেলার বিভিন্ন দপ্তরে আগত সেবা প্রার্থীদের জন্য বসার চেয়ার সরবরাহ করন। | | ৩ লক্ষ | RFQ |
| ২০ | | উপজেলা সমাজ সেবা কার্যালয়ে আগত দর্শানার্থী/সেবা প্রাথীদের জন্য টয়লেট নির্মান । | | ১ লক্ষ | RFQ |
| ২১ | | উপজেলা পল্লী ভবনের ঋন গ্রহীতাদের জন্য ব্যবহার হল রুম সংস্কার করন। | | ১ লক্ষ | RFQ |
| ২২ | | উপজেলা যুব উন্নয়ন কার্যালয় ও পরিসংখ্যান কার্যালয় সেবা প্রার্থীদের জন্য পানি সরবরাহ করণের জন্য ট্যাংক স্থাপন | | ১ লক্ষ | RFQ |
| ২৩ | | উপজেলা বন বিভাগের চারা উৎপাদনের নির্ধারিত স্থানে ছাগল/গরু হতে রক্ষার্থে কাটাতারের বেড়া নির্মান ও সংস্কার। | | ১ লক্ষ | RFQ |
| ২৪ | | দুর্গাপুর ৬নং ওয়ার্ডের ফজলার মাস্টারের বাড়ির নিকটে পাকা রাস্তার নামুনী হতে নুর ইসলাম মাস্টার এর বাড়ি পর্যন্ত পাকা রাস্তা সংস্কার করন। | | ২ লক্ষ | RFQ |
| ২৫ | | কমলাবাড়ী ইউনিয়নের বড় কমলাবাড়ী মৌজার ৯নং ওয়ার্ডের বটতলা হতে দক্ষিনে চৌপতি পর্যন্ত ২০০ ফুট রাস্তা সলিং করন | | ৬০ হাজার | RFQ |
| ২৬ | | ৯নং ওয়ার্ড সারপুকুর মান্নান চেয়ারম্যানের পুকুর হতে কফিনের বাড়ী পর্যন্ত সলিং করন । | | ১.৫ লক্ষ | RFQ |
| ২৭ | | ৯নং ওয়ার্ড সারপুকুর আশরাফুলের বাড়ী থেকে হুরকার বাড়ী পর্যন্ত সলিং করন । | | ১.৫ লক্ষ | RFQ |
| ২৮ | | ৯নং সারপুকুর দেল্লার মোড় থেকে সমসের ঘাটিয়াল বাড়ী পর্যন্ত সলিং করন । | | ১.৫ লক্ষ | RFQ |
| ২৯ | | আদিতমারী থানার রাস্তা সংস্কার। | | ১.৫ লক্ষ | RFQ |
| ৩০ | | মুন্সিপাড়া সঃপ্রাঃবিঃ সাপ্টিবাড়ী, আদিতমারী | | ১.৫ লক্ষ | RFQ |

## পরিশিষ্ট-খ

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ | |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী | ১ | চেয়ারম্যান, ১নং দূর্গাপুর ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ২ | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী | ২ | চেয়ারম্যান, ৩নং কমলাবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী। |
| ৩ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), আদিতমারী | ৩ | চেয়ারম্যান, ৪নং সারপুকুর ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা, আদিতমারী | ৪ | চেয়ারম্যান, ৫নং সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী | ৫ | চেয়ারম্যান, ৭নং পলাশী ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী | ৬ | চেয়ারম্যান, ৬নং ভাদাই ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৭ | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী | ৭ | চেয়ারম্যান, ৮নং মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী। |
| ৮ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আদিতমারী | | |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, আদিতমারী। | | |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী | | |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী | | |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, আদিতমারী | | |
| ১৩ | উপজেলা পাট অফিসার, আদিতমারী, লালমনিরহাট | | |
| ১৪ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, আদিতমারী | | |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী | | |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান, কর্মকর্তা, আদিতমারী | | |
| ১৭ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী | | |
| ১৮ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, আদিতমারী | | |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী, লালমনিরহাট | | |
| ২০ | উপজেলা মৎস্য অফিসার, আদিতমারী | | |
| ২১ | উপজেলা বন, কর্মকর্তা, আদিতমারী | | |
| ২২ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, আদিতমারী | | |
| ২৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী | | |
| ২৪ | ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী | | |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ | |
|---|---|---|---|
| ১ | সাব-রেজিষ্টার, আদিতমারী, লালমনিরহাট | ১ | চেয়ারম্যান, ২নং ভেলাবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ২ | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী | | |
| ৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা,আদিতমারী | | |
| ৪ | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক আদিতমারী | | |